

চাকসু নির্বাচন বর্জনের ঘোষণা এক প্যানেলের

চবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

জাল ভোট, সইবিহীন ব্যালট পেপার প্রদানসহ ১০টি কারণ

দেখিয়ে ভোট বর্জনের ঘোষণা দিয়েছে 'বিশ্ব ইনসানিয়াত বিপ্লব

স্টুডেন্ট ফ্রন্ট' সমর্থিত 'রেভল্যুশন ফর স্টেট অব হিউম্যানিটি'

প্যানেল।

বুধবার (১৫ অক্টোবর) বিকেল সোয়া ৫টার দিকে চাকসু ভবনের

সামনে এক সংবাদ সম্মেলনে এ বর্জনের ঘোষণা দেন প্যানেলের

ভিপি প্রার্থী কেফায়েত উল্ল্যাহ।

এর আগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু), হল

ও হোষ্টেল সংসদ নির্বাচনে ব্যবসায় প্রশাসন অনুষদ কেন্দ্রে

নির্বাচন কর্মকর্তার স্বাক্ষর ছাড়া অন্তত ৪০০ ব্যালট বাক্সে জমা

পড়েছে বলে অভিযোগ তুলেছেন বিনির্মাণ শিক্ষার্থী এক্য

প্যানেলের প্রার্থীরা। বুধবার বিকেল ৪টার দিকে এ বিষয়ে নির্বাচন

কমিশনে লিখিত অভিযোগ দেন প্যানেলটির ভিপি প্রার্থী আবির

বিন জাবেদ।

বিশ্ব ইনসানিয়াত বিপ্লব স্টুডেন্ট ফ্রন্টের এ ভিপি প্রার্থী

সাংবাদিকদের বলেন, ‘ব্যবসায় প্রশাসন অনুষদ কেন্দ্রে ৩৩৬ নং

কক্ষে ৪০০টি ব্যালট পেপারে সই ছিল না। এটি অনিয়ম। ব্যালট

পেপারেও নির্বাচনী কর্মকর্তার স্বাক্ষরের ঘর রয়েছে। একজন

ভোটারের একাধিক ভোট দেওয়ার সুযোগ তৈরি হয়েছে।

,

এ ব্যাপারে ব্যবসায় প্রশাসন অনুষদের ৩৩৬ নম্বর কক্ষে

দায়িত্বরত সহকারী প্রিসাইডিং কর্মকর্তা কাউসার হামিদ বলেন,

শুরুতে ব্যালটে সই করার নির্দেশনা ছিল না।